# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬২২৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَاب جَامع المناقب)

---

আরবী

وَعَنْ زَيْدِ بْنِ أَرْقَمَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «الله اغْفِرْ لِلْأَنْصَارِ وَلِأَبْنَاءِ الْأَنْصَارِ وَأَبْنَاءِ أَبْنَاءِ الْأَنْصَارِ» . رَوَاهُ مُسلم

رواه مسلم (172 / 2506)، (6414) ۔
(صَحِيح)

বাংলা

৬২২৩-[২৮] যায়দ ইবনু আরকাম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) (দু’আয়) বলেছেন, ’হে আল্লাহ! আনসার ও আনসারদের সন্তান-সন্ততি এবং তাদের সন্তানদের সন্তান-সন্ততিদেরকে তুমি মাফ করে দাও।’ (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১৭২-(২৫০৬), আবূ দাউদ ২৬৮২, তিরমিযী ৩৯০৯, ইবনু মাজাহ ১৬৫, মা'রিফাতুস সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৪৪, মুসান্নাফ আবদুর রযয্যাক ১৯৯১৩, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩২৩৫২, মুসনাদুশ শাফি'ঈ ১৩৪১, মুসনাদে আহমাদ ১৯৩১৮, মুসনাদে আবূ ইয়া'লা ৩০৩২, সহীহ ইবনু হিব্বান ১৪০, আস সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১০১৪৬, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ৪৯৬৩, আল মু'জামুল আওসাত্ব ৩৭৩০, আল মুসতাদরাক লিল হাকিম ৬৯৭৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসে রাসূলুল্লাহ (সা.) আনসারদের জন্য দু'আ করেছেন। তারা হলেন সাহাবী। তিনি তাদের

সন্তানদের জন্য দু'আ করেছেন। যাদের অনেকেই হলেন তাবিঈ। তিনি তাদের নাতী-নাতনীদের জন্য দু'আ করেছেন। যাদের অনেকেই হলেন আতবা। অর্থাৎ রাসূলুল্লাহ (সা.) এর সর্বশ্রেষ্ঠ তিন যুগের আনসারাদের জন্য দু'আ করেছেন। এটিও অসম্ভব নয় যে, রাসূলুল্লাহ (সা.) -এর দু'আর অন্তর্ভুক্ত তারাও হতে পারে কিয়ামত পর্যন্ত যারা সেই সকল আনসারদের মাধ্যমে দুনিয়াতে আসবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্বাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86199

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন